

ভৈরব কাকজ

তারিখ
পৃষ্ঠা ৩১**ফরিদপুরে ছাত্রছাত্রী-অভিভাবক****শিক্ষকদের আত্মসচেতনতা****শীর্ষক সেমিনার**

ফরিদপুরে প্রতিনিধি : বিভিন্ন বিষয়ে প্রতিযোগিতার মাধ্যমে সেরা ছাত্র/ছাত্রী নির্বাচন, ছাত্রছাত্রী, অভিভাবক এবং শিক্ষকদের সরাসরি অংশগ্রহণে একটি ব্যতিক্রমী সেমিনার অনুষ্ঠিত হয়ে গেলো ফরিদপুর উচ্চ বিদ্যালয় মিলনায়তনে। ছাত্রছাত্রী-শিক্ষক-অভিভাবক আত্মসচেতনতা শীর্ষক এ সেমিনার আয়োজন করে ফরিদপুরের জোনাল প্রজেক্ট অফিস। সেমিনারে শহরের ১৫টি বিদ্যালয়ের ১৩৫ জন ছাত্র/ছাত্রী তাদের অভিভাবক ও শিক্ষক-শিক্ষিকাবৃন্দ অংশ নেন।

ছাত্রছাত্রী, অভিভাবক ও শিক্ষক-শিক্ষিকাদের আত্মসচেতনতার ওপর সেমিনারে পৃথক তিনটি প্রবন্ধ পাঠ করেন জোনাল প্রজেক্ট অফিসার মোঃ নাসির উদ্দিন মজুমদার। জেলা শিক্ষা কর্মকর্তা ওয়াহিদুদ্দিন আহমেদের সভাপতিত্বে সেমিনারে প্রধান অতিথি ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক মোঃ ইসমাইল জবিউল্লাহ। বিশেষ অতিথি ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও উন্নয়ন এসএম মনিরুল ইসলাম, ফরিদপুর অঞ্চলের বিভাগীয় বন কর্মকর্তা এ কে এম সাইদুর রহমান ভূঁইয়া, জেলা ক্রীড়া কর্মকর্তা গৌতম কুণ্ডু, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর-এর সহকারী পরিচালক মাসুদ হোসেন। সেমিনারে শিক্ষকদের পক্ষে এনামুল হক ও প্রবীর সিকদার, অভিভাবকদের পক্ষে মোঃ খালেদ এবং ছাত্রছাত্রীদের পক্ষে সেরা ছাত্রী পুরস্কারপ্রাপ্ত রিফাত রহমান তুলি সেমিনারে বক্তব্য প্রদান করেন।